



## বেলা ১১টায় শুরু হচ্ছে জাতীয় সংসদের অধিবেশন



ছবি: সংগৃহীত

সংসদের অধিবেশন আবার শুরু হচ্ছে রোববার (১৫ মার্চ) বেলা ১১টায়। ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম বৈঠক শুরু হওয়ার পর রাষ্ট্রপতির ভাষণ শেষে স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ অধিবেশন মুলতবি করেছিলেন।

জাতীয় সংসদ সচিবালয় জানিয়েছে, দিনের কার্যসূচিতে প্রশ্নোত্তর, জরুরি জন-গুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ আকর্ষণ এবং রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনা থাকবে। প্রশ্নোত্তর পরে মন্ত্রিপরিষদ বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাত্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত প্রশ্নের জবাব দেওয়া হবে।

কার্য উপদেষ্টা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, প্রথম অধিবেশন চলবে আগামী ৩০ এপ্রিল পর্যন্ত। সরকারি ছুটি ছাড়া প্রতিদিন বিকেল ৩টায় বৈঠক বসবে। সংসদ ভবনের কেবিনেট কক্ষে স্পিকারের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে সময়সূচি ও কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়।

রাষ্ট্রপতির ভাষণের ওপর মোট ৫০ ঘণ্টা আলোচনার সময় নির্ধারণ করা হয়েছে।

এই অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য ৮টি এবং অন্যান্য মন্ত্রীর জন্য ৪৬০টিসহ মোট ৪৬৮টি প্রশ্ন জমা পড়েছে। পাশাপাশি বিধি-৭১ অনুযায়ী ২৭টি মনোযোগ আকর্ষণ নোটিশ ও বিধি-১৩১ অনুযায়ী ৯৭টি সিদ্ধান্ত প্রস্তাব জমা হয়েছে।

প্রথম বৈঠকের শুরুতে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন অনুষ্ঠিত হয়। সংসদ নেতা তারেক রহমানের প্রস্তাবে মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ স্পিকার নির্বাচিত হন এবং ব্যারিস্টার কায়সার কামাল ডেপুটি স্পিকার হিসেবে অনুমোদন পান। পরে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নবনির্বাচিত দুজনকে শপথবাক্য পাঠ করান।